আল-ফিরদাউস সংবাদ সমগ্র

ডিসেম্বর, ২০২১ঈসায়ী

আল-ফিরদাউস সংবাদ সমগ্র

ডিসেম্বর , ২০২১ঈসায়ী

AL-FIRDAWS NEWS
আল-ফিরদাউস নিউজ

সূচিপত্র

৩১শে ডিসেম্বর , ২০২১..4
৩০শে ডিসেম্বর , ২০২১..7
২৮শে ডিসেম্বর , ২০২১..11
২৭শে ডিসেম্বর , ২০২১..20
২৬শে ডিসেম্বর , ২০২১..22
২৫শে ডিসেম্বর , ২০২১..27
২৪শে ডিসেম্বর , ২০২১..30
২৩শে ডিসেম্বর , ২০২১..33
২২শে ডিসেম্বর , ২০২১..36
২১শে ডিসেম্বর , ২০২১..44
২০শে ডিসেম্বর , ২০২১..45
১৯শে ডিসেম্বর , ২০২১..49
১৮ই ডিসেম্বর , ২০২১..54
১৭ই ডিসেম্বর , ২০২১..59
১৬ই ডিসেম্বর , ২০২১..64
১৫ই ডিসেম্বর , ২০২১..65
১৪ই ডিসেম্বর , ২০২১..71
১৩ই ডিসেম্বর , ২০২১..74
১২ই ডিসেম্বর , ২০২১..84
১০ই ডিসেম্বর , ২০২১..91
০৯ই ডিসেম্বর , ২০২১..96
০৮ই ডিসেম্বর , ২০২১..100
০৭ই ডিসেম্বর , ২০২১..106
০৬ই ডিসেম্বর , ২০২১..108
০৫ই ডিসেম্বর , ২০২১..115
০৪ঠা ডিসেম্বর , ২০২১..116
০২রা ডিসেম্বর , ২০২১..129
০১লা ডিসেম্বর , ২০২১..136

৩১শে ডিসেম্বর , ২০২১

কাশ্মীরে হিন্দুত্ববাদী আগ্রাসন : ২৪ ঘণ্টায় ৯ মুসলিম খুন

বিশ্ববাসীর নিরবতায় হিন্দুত্ববাদীরা একেরপর হত্যাকাণ্ড চালিয়ে যাচ্ছে গোটা কাশ্মীর উপত্যকাজুড়ে। মুসলিমদের হত্যা করলে কোন বিচারের

আল-ফিরদাউস সংবাদ সমগ্র || ডিসেম্বর, ২০২১ঈসায়ী

মুখমুখি হতে হবে না, এটা নিশ্চিত জেনেই তারা নির্বিচারে একের পর এক সব পাসবিক হত্যাকাণ্ড ঘটাচ্ছে।

ধারাবাহিক মুসলিম নির্মূল অভিযানের অংশ হিসেবে ভারত দখলকৃত জম্মু- কাশ্মীরে হিন্দুত্ববাদী বাহিনী অভিযানের নামে গত ২৪ ঘণ্টায় ৯ জন বেসামরিক মুসলিমকে নির্মমভাবে হত্যা করেছে। ৩০/১২/২১ তারিখে পৃথক পৃথক স্থানে হত্যা করা ঐ মুসলিমদেরকে হত্যার বৈধতা হিসেবে বরাবরের মত সকলকেই ‘সন্ত্রাসী’ ট্যাগ লাগিয়ে দিয়েছে ভারতীয় হিন্দুত্ববাদী বাহিনী।

মিথ্যাবাদী ঐ দখলদারদের এমন পৈশাচিক আচরণে বিক্ষোভে ফেটে পড়েছেন সেখানকার স্থানীয় মানুষ। যেসব এলাকায় সশস্ত্র বাহিনী অভিযান চালাচ্ছে সেখানকার শতশত মানুষ হিন্দুত্ববাদী সন্ত্রাসীদের রক্তচক্ষু উপেক্ষা করে বিক্ষোভে অংশ নিয়েছে। শুক্রবার ভোরেও কাশ্মীরের শ্রীনগরে হিন্দুত্ববাদী বাহিনীর গুলিতে তিনজন প্রাণ হারিয়েছেন।

উল্লেখ্য, কাশ্মীরে হিন্দুত্ববাদী আগ্রাসনের বিরুদ্ধে ব্যাপক আকারে তাওহীদবাদী মুসলিমদের প্রতিরোধ যুদ্ধ শুরু হয়েছে। ফলে হিন্দুত্ববাদীরা নিজেদের ব্যর্থতা আড়াল করতে বেসামরিক মুসলিদেরকে ‘সন্ত্রাসী’ ট্যাগ দিয়ে হত্যার পরিমাণ বহুগণে বাড়িয়ে দিয়েছে।

কাশ্মীরে হিন্দুত্ববাদী বাহিনী কয়েক যুগ ধরে আগ্রাসন চালিয়ে বেসামরিক মুসলিমদের নির্বিচারে হত্যা করে যাচ্ছে। কথিত সব আন্তর্জাতিক মানবাধিকার সংস্থাও মুসলিমদের উপর চলমান জাতিগত নিধনযজ্ঞ দেখেও না দেখার ভান করে আছে।

যে হলুদ মিডিয়াগুলো সর্বদা অমুসলিমদের সামান্য সমস্যা নিয়ে দিন-রাত উজার করে দেয়, সেই মিডিয়াগুলো আবার কাশ্মীরে ভারতের চালানো নির্যাতনের ব্যাপারে অন্ধ হয়য়ে থাকে।

তথ্যসূত্র:

১। কাশ্মীরে ২৪ ঘণ্টায় ৯ জনকে নির্মমভাবে হত্যা

https://tinyurl.com/4nd4srrv

সোমালিয়া | রাজধানীর গুরুত্বপূর্ণ শহরের নিয়ন্ত্রণ নিয়েছেন আশ-শাবাব, হতাহত ২৫ সেনা

সোমালিয়ায় পশ্চিমাদের গোলাম নেতাদের মধ্যে ক্ষমতার লড়াই যখন তুঙ্গে, ঠিক সেই মুহুর্তেই ইসলামিক প্রতিরোধ বাহিনী হারাকাতুশ-শাবাব যোদ্ধারা সোমালিয়ার রাজধানী মোগাদিশুর একটি গুরুত্বপূর্ণ শহরের নিয়ন্ত্রণ নিয়ে নিয়েছেন বলে জানা গেছে।

4

বিবরণ অনুযায়ী, আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামিক প্রতিরোধ বাহিনী হারকাতুশ শাবাব যোদ্ধারা ৩০ ডিসেম্বর বৃহস্পতিবার খুব ভোরে রাজধানী মোগাদিশু থেকে ৩০ কিলোমিটার উত্তরের বাল'আদ শহরে ভারি অস্ত্রশস্ত্র নিয়ে তীব্র হামলা চালিয়েছে। এসময় তাঁরা কৌশলগত শহরটি দখল করে নেয়ার আগে গাদ্দার সরকারী বাহিনী এবং হারশাবেলির আঞ্চলিক বাহিনীর সাথে ভয়ঙ্কর বন্দুকযুদ্ধে অবতীর্ণ হন।

এদিন বিকালে আশ-শাবাবের সাথে সম্পৃক্ত শাহাদাহ নিউজ জানিয়েছে যে, এই অভিযানে এক কমান্ডারসহ ৭ গাদ্দার সৈন্য নিহত এবং ৩ সৈন্য আহত হয়েছে। তবে সন্ধ্যার পরে স্থানীয় একটি মিডিয়া যোগ করেছে যে, হামলায় গাদ্দার সামরিক বাহিনীর ১০ সৈন্য নিহত এবং আরও ১৫ সৈন্য আহত হয়েছে।

স্থানীয় বাসিন্দারা মিডিয়াকে বলেছেন যে, সোমালি সৈন্যরা তাদের ঘাঁটি খালি করার পরে ইসলামপন্থী যোদ্ধাদের বাল'আদের রাস্তায় টহল দিতে দেখা গেছে। এই বছরের মধ্যে শহরটি একাধিকবার আশ-শাবাব ও সরকারের মধ্যে হাত বদল হয়েছে।

আশ-শাবাব অধিভুক্ত মিডিয়া বিশদ বিবরণ না দিয়ে জানিয়ে যে, মুজাহিদগণ শহরটির সামরিক ঘাঁটি, চেকপোস্ট ও ব্যারাকে ব্যাপক আক্রমণ এবং শহর বিজয়ের পর স্থানীয় এমপির একটি গাড়ি এবং অন্যান্য অসংখ্য অস্ত্র ও সরঞ্জাম গনিমত পেয়েছেন। সূত্রটি আরও নিশ্চিত করেছে যে, মুজাহিদরা আফ্রিকান ইউনিয়নের সৈন্যদের দ্বারা শহরটি পুনরুদ্ধারের প্রচেষ্টাকেও প্রতিহত করেছেন।

এবার মুসলিম গণহত্যার দিনক্ষণ নির্ধারণ: ভারতে মুসলিম বিদ্বেষের বাজার সরগরম

ভারতে মুসলিম বিদ্বেষের বাজার যে ভালোই সরগরম তা পূর্ণ মাত্রায় স্পষ্ট হচ্ছে। হরিদ্বারে যেমন মুসলিমদের গণহারে হত্যা করার ডাক দেওয়া হয়েছে, তেমনি আরও তিনটি ধর্ম সংসদ অনুষ্ঠিত হতে চলেছে। একটি হরিয়ানার কুরুক্ষেত্রে এবং দুটি উত্তরপ্রদেশের আলিগড় ও গাজিয়াবাদে। হরিদ্বারের মতই এখানেও আলোচ্য বিষয় ‘শস্ত্রমেব জয়তে।’

হরিয়ানার শিব শক্তিধামে আগামী বছরের ১ ও ২ জানুয়ারি দুদিনের গণহত্যার ডাক দেওয়া হয়েছে। গেরুয়াধারী নরসিংহানন্দই পরের সমাবেশগুলির আয়োজক। সে যে ফের মুসলিম নিধনের ডাক দেবে তা নিয়ে আর কারো মনে কোনও সংশয় নয়।

গত ১৭ ডিসেম্বর দিল্লিতে একটি অনুষ্ঠানের আয়োজন করেছিল হিন্দু যুব বাহিনী এবং অপরটির আয়োজন করেছিল ইয়েতি নরসিংহানন্দ সরস্বতী হরিদ্বারে গত ১৯ ডিসেম্বর। এই দু’টি অনুষ্ঠানেই প্রকাশ্যে মুসলিমদের গণহত্যা, ঘৃণা ছড়ানো এবং হিংসার আহ্বান করা হয়েছে। কট্টর গেরুয়াধারী জ্যোতি বলেছে, মুসলিমদের বিরুদ্ধে অস্ত্র তুলে নিতে হবে।যুদ্ধে তারাই যেতে যাদের হাতে থাকে ভালো অস্ত্র।

হিন্দুমহাসভার সাধারণ সচিব এবং নিরঞ্জনী আখড়া পরিষদের অন্নপূর্ণা মা সমাবেশে হিন্দুদের উদ্দেশে বলেছে, মুসলিমদের বিরুদ্ধে বিদ্রোহ করুন।

যদি আপনারা ওদের শেষ করে দিতে চান, তাহলে এখনই ওদের বিরুদ্ধে অস্ত্র ধরুন। আমরা ওদের হত্যা করে জেলে যেতে রাজি। আমরা কেবল ১০০ সেনা চাই। তাতেই আমরা ২০ লক্ষ মুসলিমকে হত্যা করতে পারব। আমরাই জিতব। আমাদের ধর্মীয় গ্রন্থগুলি এখন পাশে সরিয়ে রেখে অস্ত্র তুলে নেন।

মুসলিম হত্যার কথা শুনেও বিজেপির কোনও নেতা একটি শব্দও করেনি। অনেকে বলছে,বিজেপি নেতারা যে এই গেরুয়াধারী ‘বিদ্বেষীদের’ বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেবে না, সেটাই স্বাভাবিক। এখনও পর্যন্ত একজনকেও ধরেনি পুলিশ। এমন ক্ষেত্রে হিন্দুত্ববাদী সন্ত্রাসীদের গডফাদার প্রধানমন্ত্রীকে নীরব থাকতে দেখা গিয়েছে। এই বিদ্বেষের প্রচারকরা মোদি ও অমিত শাহের নীরবতাকে তাদের কাজের প্রতি সম্মতি ধরে বিদ্বেষ ও ঘৃণা ছড়ানোর কাজ সমান গতিতে চালিয়ে যাবে।

ফলে এই হিন্দুত্ববাদের নাম দিয়ে এই ধরণের বিদ্বেষ ভাষণ দিয়ে তারা হিন্দুদের মন বিষিয়ে দিতে চেষ্টা করছে, যার বিষক্রিয়া ইতিমধ্যেই শুরু হয়ে গেছে। ভারতে মুসলিমদের জান মাল ইজ্জত আব্রু এখন অনেকটা হিন্দুদের করুণার উপর নির্ভর হয়ে গেছে। তারা চাইলে যেকোন মুসলিমকে হত্যা করছে, পিটিয়ে জখম করে দিচ্ছে, মেরে ফেলছে, ইচ্ছে হলেই নারীদের শ্লীলতাহানী করছে। মুসলিম মা বোনদের ইজ্জত নিয়ে ছিনিমি খেলছে। যাকে চাইছে মিথ্যা মাললায় ফাসিয়ে জেলে পাঠিয়ে দিচ্ছে।

গত ২৬ শে ডিসেম্বর, টুইটারে ভাইরাল হওয়া একটি ভিডিওতে দেখা গেছে, হিন্দুত্ববাদী গেরুয়া সন্ত্রাসীরা মুসলিম অধ্যুষিত মেওয়াতের প্রবেশ করে।

হিন্দুত্ববাদী সংগঠন 'বজরং দল'-এর সশস্ত্র সদস্যদের বহনকারী ৫০০ টিরও বেশি গাড়ি ও অস্ত্র নিয়ে মিছিল করে মুসলিমদের ভয় দেখাতে থাকে। জয় শ্রীরামসহ বিভিন্ন স্লোগান দিয়ে বলতে থাকে তোমরা হিন্দুদের যতটা দুর্বল ভাবো আমরা ততটা দুর্বল নই। তারা মুসলিম অঞ্চলটিকে "জাফরান" রং দিয়ে রাঙ্গিয়ে দিয়েছে।

তথ্যসূত্র:

১। Over 500 cars carrying armed members of the Hindutva organisation 'Bajrang Dal' entered a predominantly Muslim neighbourhood in Mewat to “saffronise” the area on Friday. https://tinyurl.com/22mr58en

২। ভারতে মুসলিম বিদ্বেষের বাজার ভালোই সরগরম

https://tinyurl.com/efr2ryp7

৩। আরও তিনটি ধর্ম সংসদ অনুষ্ঠিত হতে চলেছে

https://tinyurl.com/24yzpzp5

৩০শে ডিসেম্বর, ২০২১

সোমালিয়ায় দখলদার জোট বাহিনীর ১২টি ঘাঁটিতে একযোগে আশ-শাবাবের হামলা

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় দখলদার দেশগুলোর ১২টি ঘাঁটিতে একযোগে হামলা চালিয়েছেন দেশটির ইসলামিক প্রতিরোধ যোদ্ধারা। যার একটিতেই ৭ ক্রুসেডার হতাহত হয়েছে বলে জানা গেছে।

বিবরণ অনুযায়ী, গত ২৯ ডিসেম্বর বুধবার, আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামিক প্রতিরোধ যোদ্ধারা সোমালিয়ায় এক ডজনেরও বেশি অভিযান চালিয়েছেন। যার মধ্যে ১২টি অভিযানই চালানো হয়েছে কুফ্ফার জাতিসংঘের অংশীদার দেশগুলোর সামরিক ঘাঁটিগুলো টার্গেট করে।

এরমধ্যে শুধু দক্ষিণ-পশ্চিম সোমালিয়ার বাকুল রাজ্যের ওয়াজিদ শহরে মুজাহিদদের পরিচালিত এক হামলাতেই ৭ সৈন্য হতাহত হয়েছে। শাহাদাহ এজেন্সির খবরে বলা হয়েছে, সামরিক ঘাঁটিতে মুজাহিদদের এই হামলায় হতাহত সকল সৈন্যই ছিল ইথিওপিয়ার।

অপরদিকে সেদিন মুজাহিদগণ তাদের অন্য অভিযানগুলো পরিচালনা করেছেন রাজধানী মোগাদিশু সহ বাকুল, বে, যুবা ও শাবেলি সুফলা রাজ্যে। আশা করা হচ্ছে, এসব স্থানেও মুজাহিদদের পরিচালিত হামলাগুলোতে আরও কয়েক ডজন ক্রুসেডার সৈন্য হতাহত হয়ে থাকবে।

ভারতে ইনস্টাগ্রামে ভিডিও আপলোড করার অযুহাতে মুসলিম যুবককে পিটিয়ে হত্যা করেছে হিন্দুত্ববাদীরা

ভারতের দক্ষিণ-পশ্চিম দিল্লির উত্তম নগর এলাকায় একজন ১৭ বছর বয়সী মুসলিম যুবক মোহাম্মদ শওকতকে অন্তত ১৫-২০ জনের একটি হিন্দুত্ববাদী সন্ত্রাসী দল গণপিটুনি দিয়ে ছুরিকাঘাত করে হত্যা করেছে। পুলিশ জানিয়েছে, ইনস্টাগ্রামে গল্প আপলোড করা নিয়ে শওকত ও হিন্দুত্ববাদীদের মধ্যে ঝগড়া শুরু হলে শওকতকে খুন করে তারা। শওকতের বোন নার্গিস মাকতুব মিডিয়াকে দেয়া সাক্ষাৎকারে বলেন, তার ভাইকে অন্তত ২০ জনের একটি দল হত্যা করেছে।

“আমার ভাই একটি কারখানায় কাজ করত এবং রবিবারে তার ছুটি ছিল। রোববার সন্ধ্যায় বাসা থেকে বের হয়ে সে আর ফেরেনি। গভীর রাতে, আমরা একটি ফোন পেয়েছি যে শওকতকে উত্তম নগর এলাকার একটি স্কুলের কাছে অচেতন অবস্থায় পাওয়া গেছে। আমরা ঘটনাস্থলে পৌঁছালে শওকতকে জীবিত দেখতে পায়। সে শ্বাস নিচ্ছিল। আমরা আমার ভাইকে হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য অনুরোধ করলে ঘটনাস্থলে থাকা পুলিশ সদস্যরা আমাদের বকাঝকা করে। কয়েকবার অনুনয়-বিনয়ের পর তারা অনুমতি দিলে তাকে মহেন্দ্রু হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তারপরে তাকে ডিডিইউ হাসপাতালে স্থানান্তরিত করা হয়, সেখানে পৌঁছালে তাকে মৃত ঘোষণা করে চিকিৎসকরা।

নার্গিস বলেছিলেন যে তার ভাই ইনস্টাগ্রামে সোহান লাল কাশ্যপ নামে একটি স্থানীয় গুন্ডার সমালোচনা করে ভিডিও আপলোড করছিলেন। এতে তারা ক্ষিপ্ত হয়ে তাকে হত্যা করে।

পুলিশের কাছে অভিযোগে নার্গিস সোহান লাল কাশ্যপসহ ছয়জনের নাম উল্লেখ করেছে।
শওকতের শোকার্ত মা নূরজাহান মাকতুব মিডিয়াকে বলেছে, “আমি আমার ছেলেকে হারিয়েছি। আমরা এর বিচার চাই। দোষীদের ফাঁসি দেওয়া হোক,”।

ছেলে হারা মা কি সত্যি বিচার পাবে! কারণ শওকততো মুসলিম ছিল। ভারতের হিন্দুত্ববাদীদের কাছে মুসলিমদের কোন দাম নেই। তাই যখন যাকে ইচ্ছা পিটিয়ে হত্যা করতেও তাদের চিন্তা করতে হয় না। বড়জোর জেলে গেলেও আইন আদালত সবই তাদের পক্ষে। তাই মুক্তি পেতেও বেগ পোহাতে হয়না।

তথ্যসূত্র:

১.‘Sexually assaulted, lynched’: 17-year-old Shaukat’s family say ‘will fight for justice’ https://tinyurl.com/y9cdwx3y

আওয়ামীলীগ নেতার উলামা বিদ্বেষ: মাদরাসার শিক্ষক ও ছাত্রদের নামে সন্ত্রাস দমন আইনে মামলা

বাংলাদেশ আওয়ামীলীগের নেতাকর্মীরা নামে মুসলিম হলেও তাদের কার্যক্রম অমুসলিমদেরকেও হার মানায়। ইসলাম বিদ্বেষ তাদের দলীয় এজেন্ডা। হিন্দুত্ববাদীদের দালালী করতে গিয়ে তারা এদেশের আলেম উলামা ও তাওহীদবাদী মুসলিমদের উপর নির্মম নিপীড়ন চালিয়ে যাচ্ছে। আলেমদের সত্য কথা বন্ধে নানাভাবে চক্রান্ত করে যাচ্ছে। ইসলামের বিধি বিধান ও বাস্তব সত্য কথা বলার জন্যেও আলেম উলামাদের নামে মিথ্যা মামলা দিয়ে হয়রানি করা হচ্ছে।

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ উপজেলা আওয়ামীলীগের অর্থ বিষয়ক সম্পাদক আব্দুল মতিন বাদী হয়ে একটি মাদ্রাসার শিক্ষক ছাত্রসহ ১০জনকে আসামী করে সন্ত্রাস দমন আইনে মামলা করেছিল বেশ কয়েক বছর আগে। গত ২৬ শে ডিসেম্বর ২১ই রোজ রোববার রাতে একটি মাদরাসা থেকে সেই মামলার মোট৪জনকে আটক করে সন্ত্রাসী র্যাব। পরে সোমবার বিকেলে তাদের ৫ দিনের রিমান্ড চেয়ে কোর্টে প্রেরণ করেছে গাদ্দার পুলিশ।

উপজেলার সদর ইউনিয়নে অবস্থিত ঐতিহ্যবাহী জামিয়া গাফুরিয়া দারুসসুন্নাহ ইসলামপুর মাদ্রাসার শিক্ষক মাওলানা মুফতি কাওসার হাসান
(৪২) ঈশ্বরগঞ্জ পৌর বাজার চালমোহাল জামে মসজিদের খতিবের দায়িত্ব পালন করে আসছিলেন। এরই মাঝে গত ৫মার্চ শুক্রবার ওই মসজিদে জুম্মার নামাজের খুতবার পূর্বে বয়ানে তিনি বলেন “রাষ্ট্রপতি সেনাপ্রধানের ভাইয়ের মৃত্যুদন্ড মওকুফ করে দিয়েছে অথচ অভিজিৎ হত্যার আসামীদের ফাঁসি দেওয়ার চেষ্টা করছে। তাই আমরা এই জালিম শেখ হাসিনা সরকারের বিরুদ্ধে জিহাদ ঘোষণা করব আপনারা এতে রাজী আছেন তো?”

তার এমন বক্তব্যের বিষয়ে পরদিন ওই মাদ্রাসার সাধারণ সম্পাদক ও উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি রফিকুল ইসলাম বুলবুল ওই শিক্ষক কাওসার হাসানের কাছে মোবাইল ফোনে জানতে চাইলে তিনি বলেন “আমি যা বলেছি ঠিক বলেছি। এবিষয়ে তাকে জ্ঞান না দিতে বলেন।” এ কখা বলায় সভাপতি ঐ আলেমকে অকথ্য ভাষায় গালাগাল করে।

পরে ওই শিক্ষক বিষয়টি মাদ্রাসায় গিয়ে ছাত্র শিক্ষকদের কাছে জানান এবং মাদ্রাসা কমিটির সাধারণ সম্পাদক ও উপজেলা আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতির মোবাইল ফোনে ধারণ করা কথোপকথনের রেকর্ডটি সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করে দেন। এনিয়ে ছাত্র ও শিক্ষক মিলে মাদ্রাসা থেকে প্রতিবাদে নামেন। এসময় তারা মাদ্রাসা কমিটির সাধারণ সম্পাদক ও উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি রফিকুল ইসলাম বুলবুলের পদত্যাগ দাবি করেন। দূঃখজনক হলেও সত্য, আওয়ামী লীগের এই আলেম উলামা বিদ্বেষী ভারপ্রাপ্ত সভাপতি রফিকুল ইসলাম বুলবুলের পদত্যাগের পরিবর্তে বিষয়টি নিয়ে উপজেলা প্রশাসন সমঝোতার নামে কমিটির মাধ্যমে প্রতিষ্ঠানটি অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা করে দেয়।

পরে বেশ কিছুদিন বন্ধ থাকার পর মাদরাসাটি পুনরায় খুলে দেওয়া হয়। পাশাপাশি মাদরাসার কার্যকরি পরিষদের মিটিংয়ে প্রতিবাদের ঘটনার সাথে সংশ্লিষ্ট শিক্ষক ও ছাত্রদের বহিষ্কার ও আইনি ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত হয়। সেই সিদ্ধান্ত মোতাবেক ঘটনার সাথে জড়িত শিক্ষক ও ছাত্রদের বহিষ্কার করা হয়। বহিষ্কৃত হওয়ার পরও আওয়ামী সন্ত্রাসীর রোষানল থেকে রেহাই পাননি তাঁরা। তাঁদের নামে মিথ্যে অভিযোগ এনে ঈশ্বরগঞ্জ থানায় সন্ত্রাস দমন আইনে একটি মামলা দায়ের করে উপজেলা আওয়ামী লীগের অর্থ বিষয়ক সম্পাদক মোঃ আব্দুল মতিন। তখন থেকেই ওই ছাত্র ও শিক্ষকদের জীবনে নেমে প্রসাশনিক হয়রানি। হয়রানি থেকে বাঁচতে বাড়িঘর ছেড়ে নিরুদ্দেশ জীবনযাপন করতে থাকেন।

এরই মাঝে গত রোববার রাতে নেত্রকোনা জেলার কলমাকান্দা উপজেলার জামিয়া দারুল উলুম মার্কাজ মাদরাসা থেকে র্যাব, শিক্ষক ছাত্র মিলিয়ে ৪জনকে আটক করে ঈশ্বরগঞ্জ থানায় হস্তান্তর করে। পরে পুলিশ সোমবার বিকেলে তাদের ৫ দিনের রিমান্ড চেয়ে কোর্টে প্রেরণ করা করে।

ঈশ্বরগঞ্জ থানার অফিসার ইনচার্জ আবুল কাদের মিয়া বলে, তাদের বিরুদ্ধে সন্ত্রাস দমন আইনে মামলা হয়েছে। তারপর থেকেই তারা পলাতক ছিলো। গ্রেফতারকৃতদের জিজ্ঞাসাবাদের জন্য ৫ দিনের রিমান্ড চাওয়া হয়েছে। বাকি আসামীদের গ্রেফতারের চেষ্টা চলছে।

এদেশে মুরাদের মত অপরাধীরা মামলা হওয়ার পর বিদেশে যেতে পারে, প্রিয়া সাহা রাষ্ট্রদোহীতা করেও কিছুই হয় না। সেনাপ্রধানের ভাই হওয়ায় মৃত্যুদন্ড প্রাপ্ত আসামী হওয়ার পরও রাষ্ট্রপতি ক্ষমা করে দেয়। অথচ, আলেমরা ইসলামের কথা বললেই মামলা করে হয়রানি করা হয়। এর কারণ হল এদেশে ইসলামি বিচার ব্যবস্থা নেই। তাই জালেমদের হাত থেকে ইসলাম,আলেম-তলাবাদেরদের রক্ষা করে, প্রকৃত অপরাধীদের শাস্তি দেওয়ার জন্য মুসলিমদের এক কালিমার পতাকাতলে ঐক্যবদ্ধ হওয়ার কোন বিকল্প নেই। তথ্যসূত্র:
সন্ত্রাসী-আইনে-মাদরাসার-চার-শিক্ষক-ও-ছাত্র-গ্রেফতারঃ-৫দিনের-

রিমান্ড -চেয়ে -কোর্টে -প্রেরণ
https://tinyurl.com/5rwr9uhn

কীভাবে সম্ভব হয় রক্তপাতহীন কাবুল জয় ?

চলতি বছরের ১৫ই আগস্ট তালেবান মুজাহিদিন কাবুলের নিয়ন্ত্রণ নেওয়ার মাধ্যমে দীর্ঘ ২০ বছরের আফগান যুদ্ধের ইতি টানেন। তেমন কোনো গুলিবর্ষণ কিংবা রক্তপাত ছাড়াই ঐতিহাসিক কাবুল বিজয় বিশ্ববাসীকে চমৎকৃত করেছে। কীভাবে সম্ভব হয়েছিল এমন রক্তপাতহীন কাবুল জয় ?

এ বিজয় অবশ্যই আল্লাহর অনুগ্রহে সম্পন্ন হয়েছে। আল্লাহ তাঁর বান্দাদের যুদ্ধকৌশল দিয়ে শত্রু বাহিনীকে পরাজিত করেছেন। তালেবানের কাবুল বিজয় নিয়ে একটি কৌশল জানা যাচ্ছে। আমেরিকার গোলাম গনি সরকারের প্রতিটি দপ্তরেই তালেবানের গোয়েন্দা সদস্যরা ছদ্মবেশে কাজ করতেন। মূলত বিনা রক্তপাতে কাবুল বিজয়ে তাঁরাই সহায়তা করেছিলেন।

দ্য ওয়াল স্ট্রিট জার্নাল জানিয়েছে , তালেবানের গোয়েন্দা সদস্যগণ মন্ত্রণালয় , বিশ্ববিদ্যালয় , ব্যবসায়িক সংস্থা এবং সাহায্য সংস্থাগুলোতে সরব ছিলেন। হাক্কানি নেটওয়ার্কের অনুগত একজন শীর্ষ তালেবান নেতা মৌলভি মোহাম্মদ সেলিম সাদ জানিয়েছেন , প্রতিটি সংস্থা এবং বিভাগে তাঁদের লোক রয়েছেন ; যাঁরা কাবুলে প্রবেশের আগেই কৌশলগত অবস্থানগুলোর নিয়ন্ত্রণ নিয়েছিলেন।

পত্রিকাটির খবরে বলা হচ্ছে , তালেবানের গোয়েন্দা সদস্যরা ১৫ আগস্ট নিরাপত্তা বাহিনীর বন্দুকগুলো সরিয়ে নেওয়া এবং তাদেরকে নিরস্ত্র করার কাজ করেছিলেন। রাজধানী কাবুলের কৌশলগত অবস্থানগুলোর নিয়ন্ত্রণ নেওয়ার জন্য বিশেষ অভিযান পরিচালনার দায়িত্ব দেওয়া হয়েছিল তাঁদেরকে।

মোহাম্মদ রহিম ওমারি তালেবানের বদরি বাহিনীর একজন সদস্য। তিনি মধ্যস্তরের কমান্ডার। কাবুলে তাঁর পরিবারের পেট্রল -বাণিজ্যের ব্যবসা রয়েছে। তিনি বলছেন , তাঁকে এবং অন্য ১২ জনকে শহরের পূর্বে একটি আফগান গোয়েন্দা পরিসেবা কম্পাউন্ডে পাঠানো হয়। যেখানে তাঁরা কর্তব্যরত অফিসারদের নিরস্ত্র করেন এবং কম্পিউটার ও ফাইলগুলো ধ্বংস করা থেকে তাদেরকে বাধা দেন।

গোয়েন্দাদের অন্যান্য সেলগুলো বিভিন্ন সরকারি ও সামরিক স্থাপনার নিয়ন্ত্রণ নেওয়ার জন্য ব্যবহার করা হয়। টিমের সদস্যদের কাবুল বিমানবন্দরেও পাঠানো হয় , যেখানে মার্কিন যুক্তরাষ্ট্র তাদের লোকদের সরিয়ে নেওয়ার প্রচেষ্টা চালাচ্ছিল। সকালে গ্রামাঞ্চল থেকে উন্নত অস্ত্রশস্ত্রে সজ্জিত তালেবান সেনারা না আসা পর্যন্ত এই গোয়েন্দা সদস্যগণই বিমানবন্দরের নিয়ন্ত্রণ নিয়েছিলেন।

এমনকি সম্ভাব্য লুটেরাদের হাত থেকে আফগান প্রত্নতত্ত্ব ইনস্টিটিউট এবং এর ধনসম্পদ সুরক্ষিত করার জন্যও তালেবানের পক্ষ থেকে লোক নিযুক্ত ছিলেন। একইভাবে আরেকজনকে নিয়োগ দেওয়া হয়েছিল কাবুল বিশ্ববিদ্যালয় এবং উচ্চশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ নেওয়ার কাজে।

কাবুলের পশ্চিমে ওয়ার্দাক প্রদেশের ৩০ বছর বয়সী এক ব্যক্তি জানাচ্ছেন, ২০১৭ সালে ইউনিভার্সিটিতে আরবি ভাষায় স্নাতকোত্তর ডিগ্রি নেওয়ার সময় তিনি গোপনে তালেবান সদস্য হিসেবে দায়িত্ব পান। বছরের পর বছর ধরে তিনি প্রায় ৫০০ জনকে দলে ভেড়াতে সক্ষম হন। কিন্তু তাদের পোশাক ছিল পশ্চিমা ধাচের। তাঁরা দাড়ি কামাতেন, জিন্স-টাই পরতেন।

তিনি বলছেন, ‘আমাদের অনেক বন্ধুকে দাড়ি থাকার কারণে তালেবান হিসেবে চিহ্নিত করা হয়েছিল। কিন্তু আমি সন্দেহের ঊর্ধ্বে ছিলাম। অনেককে গ্রেফতারও করা হয়েছে। অথচ আমি তাদের নেতা ছিলাম। বহু শিক্ষার্থী আমাকে ১৫ আগস্টে তালেবান হিসেবে প্রথমবারের মতো জানতে পারেন, যেদিন সরাসরি বন্দুক নিয়ে হাজির হয়েছিলাম। মন্ত্রণালয়ের অনেক কর্মচারী এবং বিশ্ববিদ্যালয়ের সব কর্মীরা আমাকে চিনতেন। তারা আমাকে দেখে অবাক হয়েছিলেন।’ এখন তিনি কাবুলের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা ইউনিটের প্রধান। তাঁর পোশাক-পরিচ্ছদে এখন ইসলামি সংস্কৃতির সৌন্দর্য দেখা যায়। তালেবানের এই গুরুত্বপূর্ণ গোয়েন্দা নেটওয়ার্ক সংঘর্ষ ছাড়া কাবুল ও আমেরিকার গোলাম গনি প্রশাসনের পতন ডেকে আনার ক্ষেত্রে বিশাল ভূমিকা রেখেছিল।

তথ্যসূত্র:
1. Taliban Covert Operatives Seized Kabul, Other Afghan Cities From Within, November 28, 2021, The Wall Street Journal; https://on.wsj.com/3pIXuAb

২৮শে ডিসেম্বর, ২০২১

মিয়ানমারে চলছে জান্তার বর্বরতা: পার্শ্ববর্তী দেশগুলোর নিরাপত্তায় উদ্বেগ

মিয়ানমারের কাইয়া রাজ্যে নারী ও শিশুসহ ৩০ জনকে হত্যা করে লাশ পুড়িয়ে দিয়েছে দেশটির জান্তা সরকার নিয়ন্ত্রিত সামরিক বাহিনী। স্থানীয় মানবাধিকার সংস্থা কারেননি হিউম্যান রাইটস গ্রুপের সূত্রে এই তথ্য জানা যায়। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ছবিতে দেখা যায়, সামরিক বাহিনীর জ্বালিয়ে দেয়া ট্রাকের মধ্যে পুড়ে যাওয়া নারী শিশুদের লাশ পড়ে রয়েছে।

বিবিসির এক অনুসন্ধানে জানা গেছে, মিয়ানমারের সামরিক বাহিনী জুলাই মাসে বেসামরিক লোকদের উপর একের পর এক গণহত্যা চালিয়েছে, এসব ঘটনায় অন্তত ৪০ জন নিহত হয়েছে। প্রত্যক্ষদর্শী এবং বেঁচে থাকা ব্যক্তিরা বলেছেন যে সৈন্যরা, গ্রামবাসীদের জড়ো করে তাদের মধ্য থেকে পুরুষদের আলাদা করে হত্যা করে। এদের মধ্যে অনেকের বয়স মাত্র ১৭ বছরও ছিল।

ওই ঘটনার ভিডিও ফুটেজ এবং ছবি দেখে জানা যায় যে, নিহতদের বেশিরভাগকে প্রথমে নির্যাতন করা হয়েছিল এবং পরে অগভীর কবরে মাটি চাপা দেয়া হয়েছিল।

1
1

জি বিন ডুইন গ্রামে জুলাইয়ের শেষের দিকে ১২টি বিকৃত মৃতদেহ অগভীর গণকবরে মাটি চাপা অবস্থায় পাওয়া যায়। এর মধ্যে একটি ছোট মৃতদেহ রয়েছে যেটি সম্ভবত একটি শিশুর এবং একটি প্রতিবন্ধী ব্যক্তির মৃতদেহও ছিল।
সেনা অভ্যুত্থানের পর থেকে বিদেশী সাংবাদিকদের মিয়ানমারে রিপোর্টিং করতে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে। যার ফলে অন-দ্য গ্রাউন্ড রিপোর্টিং বা মাঠ পর্যায়ে থেকে প্রতিবেদন প্রকাশ করা অসম্ভব হয়ে পড়েছে।

দূর্গম পাহাড়ে প্রশিক্ষণ:

সেনা সরকার উৎখাতে সশস্ত্র লড়াইয়ের প্রস্তুতি নিচ্ছে মিয়ানমারের অনেক তরুণ-তরুণী। থাইল্যান্ড সীমান্ত গভীর জঙ্গল ও পাহাড়ি এলাকায় গড়ে তোলা হয়েছে সামরিক ঘাঁটি। ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্সের এমন তথ্য উঠেছে।
প্রতিদিনই ট্রাকে করে দুর্গম পথ মারিয়ে গভীর জঙ্গলে গিয়ে যোগ দিচ্ছেন সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠীর সঙ্গে। প্রকাশিত ভিডিওতে দেখা গেছে বিদ্রোহীদের নিয়ন্ত্রিত কারেন রাজ্যের দূর্গম পাহাড়ে অস্ত্র, গোলা, গ্রেনেডসহ বিভিন্ন সামরিক কাজের প্রশিক্ষণ নিচ্ছে।

তারা বলছেন, সেনাবাহিনীর নির্যাতনের কারণে বাস্তচ্যুত হয়ে নিজেদের অস্তিত্ব টিকিয়ে হাতে তুলে নেয়া ছাড়া আমাদের হাতে আর কোনো সুযোগ ছিল না। বাধ্য হয়ে আমরা আজ বনজঙ্গলে বাস করছি।

মিয়ানমারের সাথে ৫টি দেশের সীমান্ত রয়েছে। দেশগুলো হলঃ বাংলাদেশ, ভারত, চীন, লাওস এবং থাইল্যান্ড। মিয়ানমারের আন্তঃ রাজনৈতিক সংকটের কারণে এই সীমান্ত অঞ্চলগুলোর নিরাপত্তার বিষয়টি খুবই উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। বর্তমান মিয়ানমারের রাজনৈতিক সংকট সীমান্ত নিরাপত্তা ,উগ্র-সন্ত্রাসবাদের তৎপরতা, শরণার্থী সমস্যার সমাধান এবং আঞ্চলিক কূটনৈতিক সম্পর্কের জন্য হুমকি হয়ে দাঁড়াতে পারে।

মায়ানমারের প্রভাব ভারতে:

মিয়ানমারে সেনাবাহিনীর অভিযানের মুখে কয়েক হাজার মানুষ সীমান্ত অতিক্রম করে ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোতে প্রবেশ করছে।
মিজোরাম, মনিপুর ও নাগাল্যান্ডে বর্তমানে মিয়ানমারের প্রায় ১৬ হাজার মানুষ অবস্থান করছে। আগামী কয়েক মাসে এই সংখ্যা আরও বাড়তে পারে। মিয়ানমার থেকে পালিয়ে আসা সবচেয়ে বেশি মানুষ আশ্রয় নিয়েছে মিজোরামে। মিয়ানমারের সঙ্গে ভারতের ১ হাজার ৬০০ কিলোমিটার দীর্ঘ সীমান্ত। সীমান্তে দিল্লির শাসনবিরোধী কমপক্ষে দুই ডজন সশস্ত্র গোষ্ঠী দীর্ঘদিন ধরে সক্রিয় আছে। এই গোষ্ঠীগুলো সীমান্তের উভয় পারে কর্মকাণ্ড পরিচালনা করছে। এতে নাগা ও মনিপুরের বিদ্রোহীরা টিকে থাকার রসদ পাবে। মিয়ানমারের প্রতিরোধ যোদ্ধাদের সীমান্ত অতিক্রম ও সীমান্তে সংঘর্ষ তিন দশকের মধ্যে ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোতে সবচেয়ে ভয়াবহ নিরাপত্তা পরিস্থিতি তৈরি করেছে। মিয়ানমারে ভারতের ৬৫০ মিলিয়ন ডলারের বন্দর ও মহাসড়ক প্রকল্প ঝুঁকিতে পড়বে।

বাংলাদেশের উদ্বেগ: ২০১৭ সালের ২৫ আগস্ট মিয়ানমারের সেনাবাহিনী এবং তাদের দোসরদের বর্বরোচিত জেনোসাইডের শিকার হয়ে প্রায় ১ মিলিয়ন রোহিঙ্গা মুসলিম

1
2

বাংলাদেশে পালিয়ে আসে এবং কক্সবাজার সীমান্তের রোহিঙ্গা ক্যাম্পে আশ্রয় নেয়। বিগত চার বছরে বাংলাদেশ থেকে একজন রোহিঙ্গাকেও মায়ানমার ফেরত নেয়নি। গত ০১ ফেব্রুয়ারি সামরিক শাসনের ফলে রোহিঙ্গা প্রত্যাবর্তনের’ বিষয়টি যতই দীর্ঘ হবে, ততই বাংলাদেশের নিরাপত্তার বিষয়টি ক্রমেই হুমকির মুখে পড়তে পারে।

এদিকে, বাংলাদেশের আপত্তি উপেক্ষা করে সীমান্তে সেনা মোতায়ন করেছে মিয়ানমার। আর যে তিনটি পয়েন্টে তাদের দেখা গেছে সেগুলো হল কা নিউন ছুয়া, মিন গালারগি ও গার খুইয়া। এছাড়াও বাংলাদেশের জলসীমায় মাছ শিকারকালে ৪টি ট্রলার সহ ২২ জন বাংলাদেশী জেলেকে ধরে নিয়ে গেছে উগ্র বৌদ্ধ সন্ত্রাসীদের দেশ মিয়ানমার।

মিয়ানমারের সাম্প্রতিক রাজনৈতিক সংকটের প্রভাব ইতোমধ্যেই পার্শ্ববর্তী দেশগুলোর নিরাপত্তায় উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। এই সংকট যতই দীর্ঘায়িত হবে, ততই আঞ্চলিক নিরাপত্তার সমস্যার বিষয়টি আরও ঘনীভূত হতে পারে!

তথ্যসূত্র:

১। মিয়ানমারের রাজনৈতিক সংকট এবং আঞ্চলিক নিরাপত্তার হুমকি

https://tinyurl.com/yc4a3ern

২। বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত: মিয়ানমারের সেনাদের টহল বৃদ্ধিতে বাংলাদেশের উদ্বেগ

https://tinyurl.com/5faaw9ua

৩। মিয়ানমার: বেসমারকি জনগণকে নির্যাতন করে গণহত্যা হয়েছে, বলছে বিবিসি অনুসন্ধান

https://www.bbc.com/bengali/news-59723187

৪। ভারতে আশ্রয় নিচ্ছে মিয়ানমারের প্রতিরোধ যোদ্ধারা

https://tinyurl.com/mryby3df

৫। বাংলাদেশের আপত্তি উপেক্ষা করে সীমান্তে সেনা মোতায়ন মিয়ানমারের

https://youtu.be/wPfXxhLk8og

গোলান মালভূমিতে ইহুদি বসতি দ্বিগুণ করার ঘোষণা ইসরাইলের

দখলদার ইসরাইল গোলান মালভূমির দখলকে সুসংহত করার লক্ষ্যে কোটি কোটি ডলারের পরিকল্পনা বাস্তবায়নে সেখানে বসতি স্থাপনকারীদের সংখ্যা

1
3

দ্বিগুণ করতে চাই। ৫০ বছর আগে ভূখণ্ডটি মুসলিম ভূমি সিরিয়া কাছ থেকে দখল করে নেয় সন্ত্রাসী ইসরাইল।

গোলান মালভূমি থেকে মাত্র ৪০ মাইল দূরে সিরিয়ার রাজধানী দামেস্ক শহর এবং দক্ষিণ সিরিয়ার একটি বড় অংশ স্পষ্ট দেখা যায়। সে হিসেবে ভূখণ্ডটি সিরিয়ান সেনাবাহিনীর গতিবিধি পর্যবেক্ষণ করার জন্য এটা এক আদর্শ জায়গা। কৌশলগতভাবে এটি খুবই গুরুত্বপূর্ণ জায়গা।

তাছাড়া এটি প্রাকৃতিক পানির উৎস। গোলান মালভূমি থেকে পানি গড়িয়ে পড়ে জর্ডান নদীতে। আর এটি হচ্ছে ইসরাইলের পানি সরবরাহের এক-তৃতীয়াংশের উৎস। জায়গাটি বেশ উর্বর এবং এখানে ফল ও আঙুরের চাষ হয়, পশুপালন হয়।

আন্তর্জাতিকভাবে এই দখলদারি বেআইনি হওয়া সত্ত্বেও বিশ্ব সন্ত্রাসী আমেরিকা ২০১৯ সালে এ অঞ্চলে ইসরাইলের ভূমি হিসেবে স্বীকৃতি দেয়। যা গোলান মালভূমিতে দখলদারদের বিনিয়োগের পথ সুগম করে।

গত রবিবার ২৬ ডিসেম্বর গোলান মালভূমিতে বিশেষ মন্ত্রিসভা বৈঠকে দখলদার ইসরাইলি প্রধানমন্ত্রী দাবি করে যে, এটাই আমাদের সময়। এটা গোলান মালভূমির মুহূর্ত। আমাদের এখনকার লক্ষ্য হলো গোলান মালভূমিতে বসতি দ্বিগুণ করা।

১৯৬৭ সালের মধ্যপ্রাচ্য যুদ্ধে সিরিয়া থেকে গোলান মালভূমি দখল করে ইসরায়েল এবং ১৯৮১ সালে এটিকে নিজেদের ভূমির সঙ্গে সংযুক্ত করে। কথিত আন্তর্জাতিক আইন অনুসারে বিশ্বের বড় একটি অংশ এ কার্যক্রম বেআইনি বলে বিবেচনা করে।

তা সত্বেও এ অঞ্চলকে ইসরাইলের হিসেবে স্বীকার করে নেওয়া প্রথম দেশ হলো বিশ্ব সন্ত্রাসী আমেরিকা। আমেরিকা এ বিষয়টি বৈধতা দিয়েছে তাই জাতিসংঘ, হলুদ মিডিয়া, সুশীল সমাজ বিষয়টি নিয়ে একদম চুপ।

অথচ এই জাতিসংঘ, হলুদ মিডিয়া, সুশীল সমাজ-ই এতোদিন ধরে শান্তির মিথ্যা স্লোগান তুলে আমেরিকার ইসলামের বিরুদ্ধে যুদ্ধকে কথিত সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধ বলে সাফাই গেয়েছে। ফলে সাধারণ মানুষ বরাবরই ধোকা খেয়েছে। আর ধ্বংস হয়ে গেছে ইরাক,সিরিয়া,লিবিয়াসহ অসংখ্য মুসলিম জনপদ।

এ জন্য জাতিসংঘ, হলুদ মিডিয়া এবং কথিত সুশীল সমাজের মনভুলানো কথা- বার্তা উপেক্ষা করে মুসলিম উম্মাহকে নিজেদের নিরাপত্তা ও ভূমি পুনরুদ্ধারের সংগ্রাম নিজেদেরকেই চালিয়ে নেওয়ার আহ্বান জানিয়ে আসছেন বিশেষজ্ঞরা।

তথ্যসূত্র:
=====

১.Israel says will ‘double settlements’ in occupied Golan Heights-https://tinyurl.com/2erd3r92

1
4

প্রশাসন-মালিকের অনিয়মে প্রাণ গেল যাত্রীদের: আমরা জাগ্রত হব কবে?

'মর শুধু পাবলিক ধুকে ধুকে মর, ভাগ্যের চাকা তোদের ছিল নড়েবড়’। চলমান হৃদয়বিদারক ঘটনাগুলো এলাইনটিকেই বার বার মনে করিয়ে দেয়। মুসলিমদের রক্ত যেন আজ মূল্যহীন হয়ে পড়েছে। যার ফলে ভয়ঙ্কর কোন ঘটনা ঘটার আগে কোন ব্যবস্থা নেওয়া হয় না, পরেও সঠিক কোন বিচার হয় না।

গত সপ্তাহের বৃহস্পতিবার গভীর রাতে ঝালকাঠির সুগন্ধা নদীতে এমভি অভিযান-১০ লঞ্চে আগুন লেগে যায়। এই ভয়াবহ অগ্নিকাণ্ডে আনুমানিক ৪১ জনেরও অধিক মৃত্যু ও শতাধিক মানুষ আহত হন। এখনো বহু লোক নিখোঁজ আছেন।

প্রকৃতপক্ষে কতগুলো মানুষের জীবন আগুনে পুড়ে অঙ্গার হয়ে গেছে। কত মানুষ আগুন থেকে বাঁচতে ঘন কুয়াশার অন্ধকারেই নদীতে ঝাপ দিয়ে মারা গেছে! কত মানুষ বেঁচেও সারা জীবনের জন্য আগুনে পুড়ে যাওয়া অঙ্গ নিয়ে যন্ত্রনায় কাতরাতে থাকবে। তার কোন সঠিক হিসাব কখনোই পাওয়া যাবে না।

হাসপাতালে আসা অনেকেই প্রিয় মানুষটির খোঁজ না পাবার কথা বলেছেন। অনেকে জানিয়েছে, আগুনে পুড়ে যাবার কারণে প্রিয়জনকে শনাক্তও করা যাচ্ছে না। ভাগ্যের নির্মম পরিহাসে মৃত্যুর পরেও স্বজনের ছোঁয়া পায়নি এসব মরদেহ। দুদিন আগেও বাবা-মার পরিচয় ছিলো যে মানুষটির, তার পরিচয় এখন এক একটি সংখ্যা।

1
5

ঝালকাঠিতে আগুনে পুড়ে যাওয়া এমভি অভিযান-১০ লঞ্চটির পরিচালনায় পদে পদে অনিয়ম ও অবহেলার তথ্য পাওয়া গেছে। লঞ্চের ইঞ্জিনের সিলিন্ডারের টপ চেম্বার খোলা থাকা, অনুমোদন ছাড়া ইঞ্জিন পরিবর্তন, অগ্নিকাণ্ডের সময়ে অগ্নিনির্বাপক যন্ত্র ব্যবহার না করা এবং অতিরিক্ত যাত্রী বহনের প্রমাণ মিলেছে। এসব কর্মকাণ্ডে সরকারের দায়িত্বপ্রাপ্ত দপ্তরগুলোর কয়েকজন কর্মকর্তা ও লঞ্চ পরিচালনায় থাকা ব্যক্তিদের সম্পৃক্ততা রয়েছে।

দীর্ঘদিন এসব অনিয়ম চলায় তা অনেকটা গা সওয়া হয়ে গেছে। যার কারণেই অভিযান-১০ লঞ্চটি নির্বিঘ্নে চলাচল করেছে।

সার্ভে সনদে যে চারজন মাস্টার ও ড্রাইভারের নাম উল্লেখ ছিল, ঘটনার সময়ে তারা লঞ্চটির পরিচালনার দায়িত্বে ছিলেন না। তবুও এ লঞ্চটি ছাড়ার অনুমতি দেয় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ অধিদপ্তরের ট্রাফিক ইন্সপেক্টর।

1
6

উল্লেখ্য , অনিয়মের কারণে এমন হতাহতের ঘটনা এটাই প্রথম নয়। এর আগেও বহু ঘটনা ঘটেছে।

এবছর ৪ঠা এপ্রিল সন্ধ্যায় নারায়ণগঞ্জের শীতলক্ষ্যা নদীর পাথরঘাট কয়লাঘাট এলাকায় এক সাংসদের বেপরোয়া কার্গোর ধাক্কায় ডুবে যায় এমএল সাবিত আল হাসান নামের যাত্রীবাহী লঞ্চটি৷ প্রত্যক্ষদর্শীরা বলছেন , লঞ্চকে ধাক্কা দেওয়ার অনেক আগে থেকেই যাত্রীরা চিৎকার করে কার্গো জাহাজটির গতিরোধের অনুরোধ করেছিলেন৷ কিন্তু জাহাজের চালক তাতে সাড়া দেননি৷ এমনকি পুরো ঘটনাটি ঘটে যাওয়ার সময়ে বা আগে কোনো ধরনের হর্নও বাজাননি জাহাজের চালক৷ যাত্রীবাহী লঞ্চডুবিতে ৩৪ জন প্রাণ হারান৷

যে জাহাজটি ধাক্কা দিয়েছিল সেটি যাত্রীদের প্রাণ বাঁচানোর চেষ্টা করেনি, বরং পরে রঙ বদলে পালানোরও চেষ্টা করেছে৷

প্রথম আলোর প্রতিবেদনে বলা হয়েছে, ঘটনার পর থেকেই পুলিশ, লঞ্চ মালিক সমিতি ও প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, ধাক্কা দেওয়া কার্গোটির মালিক বাগেরহাট-২ আসনের সংসদ সদস্য শেখ তন্ময়ের মালিকানাধীন প্রতিষ্ঠান এসকে লজিস্টিকস৷ ডুবে যাওয়া লঞ্চটির মালিকপক্ষ বলেছিল, কার্গো জাহাজটির মালিকপক্ষ প্রভাবশালী ও শেখ হাসিনার ঘনিষ্ট হওয়ায় তাদের মামলাও করতে দেওয়া হচ্ছে না৷

এভাবেই ক্ষমতাবান এলিট শ্রেণীর লাগামহীন ক্ষমতায়নে জিম্মি হয়য়ে পড়েছে বিশ্বমানবতা। ইসলামী বিচার ব্যবস্থা না থাকায় ক্ষমতার দাপটে বরাবরের মতই পার পেয়ে যায় অপরাধী ক্ষমতাবানরা, আর ধুকে ধুকে মারা যায় সাধারণ জনগণ। বিশেষজ্ঞরা তাই বলছেন, এই মানবরচিত তন্ত্র-মন্ত্রের জুলুমি ব্যবস্থা পরিবর্তন করা ছাড়া ন্যায়বিচার ও সুশাসন নিশ্চিত করা সম্ভব নয়।

তথ্যসূত্র:

১.অভিযান-১০ লঞ্চে আগুন: প্রশাসন-মালিকের অনিয়মে প্রাণ গেল যাত্রীদের

https://tinyurl.com/y4nmrnn3
২. ‘অভিযান ১০’-এ ধারণক্ষমতার তিনগুণ যাত্রী থাকার অভিযোগ ঝালকাঠির সুগন্ধার দুই তীরে পোড়া গন্ধ নিহত ৪১: দগ্ধ শতাধিক বহু নিখোঁজ হাসপাতালে হৃদয়বিদারক দৃশ্য আগুন লাগার পরও এক ঘণ্টা ধরে

1
8

https://tinyurl.com/4mkefa7f
৩.পরিচয় মেলেনি অনেকের, লাশ বুঝিয়ে দেয়া শুরু

https://tinyurl.com/2p9bzb94
৪.সাংসদের কার্গো, ৩৪টি প্রাণ আর আমাদের বিবেক

https://tinyurl.com/yckw7n55
৫.মামলায় কার্গো জাহাজটির নাম নেই, জব্দও হয়নি

https://tinyurl.com/2twz3uz3

২৭শে ডিসেম্বর, ২০২১

আফগান ইসলামি ইমারতে গণতান্ত্রিক নির্বাচন কমিশনের কোন প্রয়োজন নেই: তালিবান

গত আগস্টে আফগানিস্তানে প্রশাসনের দায়িত্ব নেয় ইমারতে ইসলামিয়ার তালিবান মুজাহিদিন। এরপর সম্প্রতি তালিবান সরকার ঘোষণা করেছেন যে, তারা দেশটির গণতান্ত্রিক নির্বাচন কমিশন ভেঙে দিয়েছেন।

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের নতুন প্রশাসনের অন্যতম মুখপাত্র মুহতারাম বিলাল কেরিমির (হাফি:) দেওয়া এক বিবৃতিতে বলা হয়েছে যে, বর্তমানে আফগানিস্তানে গণতান্ত্রিক নির্বাচন কমিশনের অস্তিত্বের কোন প্রয়োজন নেই, তাই এটি ভেঙে দেওয়া হয়েছে।

এই ঘোষণার পর তালিবান সরকার বিরোধীরা বলেছে যে, নির্বাচন কমিশন ভেঙ্গে দেওয়ার এই সিদ্ধান্ত একটি ইঙ্গিত যে, তালিবান সরকার (ইসলাম বিরোধী) গণতন্ত্রে বিশ্বাসী না।

যদিও তালিবানরা দোহা চুক্তি থেকে শুরু করে প্রতিটি স্থানেই স্পষ্ট ভাষায় বলে আসছেন যে, আফগানিস্তান পরিচালিত হবে ইসলামিক শরিয়াহ্ ব্যাবস্থার মাধ্যমে। তারপরেও কিছু সেক্যূলার দিবাস্বপ্ন দেখছে যে, তাদের বিদেশি প্রভুদের বিভিন্ন চাপের মুখে তালিবান গণতান্ত্রিক কুফরি ব্যাবস্থা প্রতিষ্ঠিত রাখবে।

অন্যদিকে তালিবানদের 'কমিশন ফর ক্লিনিং দ্য লাইনস', এমন সব লোককে সরকারি বিভিন্ন দায়িত্ব থেকে বরখাস্ত করছে, যাদেরকে তাদের অবস্থানের অপব্যবহার করতে দেখা গেছে। এই ধারাবাহিকতায় এখন পর্যন্ত প্রায় ২,০০০ সদস্যকে বরখাস্ত করা হয়েছে বলে জানা গেছে। বরখাস্তকৃতদের মধ্যে বিভিন্ন প্রদেশের প্রশাসকও রয়েছেন।

উল্লেখ্য, তালিবান উমারাগণের এই উদ্যোগেড় মাধ্যমে অপব্যাখ্যাকারী ও খারেজিদের অনেক অলিক দাবিই এখন ভুল প্রমাণিত হবে বলে মত হক্কানী উলামাগণের।

1
9

বুর্কিনা-ফাঁসোতে আল-কায়েদার হামলায় নিহত ৪১ গাদ্দার সেনা: গনিমত ১৬টি সাঁজোয়া যান

বুরকিনা-ফাঁসোর উত্তরে লরৌম প্রদেশের টিইউ অঞ্চলে দেশটির গাদ্দার সেনাবাহিনীর একটি কনভয় লক্ষ্য করে হামলা চালিয়েছেন ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। এতে অন্তত ৪১ গাদ্দার সেনা নিহত ও ৩ সেনা বন্দী হয়েছে বলে জানা গেছে।

সরকারি সূত্রের বিবৃতিতেও স্বীকার করা হয়েছে, গত ২৫শে ডিসেম্বরের মুজাহিদদের অভিযানে নিহতরা সবাই সেনা বাহিনীর সঙ্গে যুক্ত একটি ইউনিটের সদস্য ছিল। ক্রুসেডার ফ্রান্সের গোলাম বুরকিনা-ফাঁসোর সরকার এই হামলার নিন্দা জানিয়ে ৪৮ ঘণ্টার শোক ঘোষণা করেছে।

অপরদিকে আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ বাহিনী 'জেএনআইএস' একটি সংক্ষিপ্ত ভিডিওতে এই হামলার পর মুজাহিদদের প্রাপ্ত গনিমতের কিছু ছবিও প্রকাশ করেছেন। সেখানে দেখা যায়, মুজাহিদগণ ৩ সেনাকে বন্দী করা ছাড়াও পাঁচটি (৫) পিক-আপ, একটি (১) সাঁজোয়া যানসহ নয়টি (৯) গাড়ি এবং উল্লেখযোগ্য পরিমাণ 7+ AK, RPG-7 রাইফেল, অন্যান্য অস্ত্র ও গোলাবারুদ গনিমত পেয়েছেন।

উল্লেখ্য যে, দীর্ঘদিন ধরে বুরকিনা-ফাঁসোর উত্তর ও দক্ষিণাঞ্চলে গাদ্দার সরকারি বাহিনীর বিরুদ্ধে অভিযান চালিয়ে আসছেন আল-কায়েদা মুজাহিদিন। এতে তাঁরা সফলতাও পাচ্ছেন এবং অনেক এলাকার উপর নিজেদের নিয়ন্ত্রণও প্রতিষ্ঠা করেছেন।

মুজাহিদিন কর্তৃক প্রাপ্ত গনিমত ও বন্দী সেনাদের কিছু ছবি দেখুন -

https://ia601505.us.archive.org/27/items/image_20211226/image.jpg

https://ia601501.us.archive.org/7/items/image-1_202112/image-1.jpg

https://ia601509.us.archive.org/5/items/image-2_20211226/image-2.jpg

https://archive.org/download/image-3_202112/image-3.jpg

https://archive.org/download/image-4_202112/image-4.jpg

২৬শে ডিসেম্বর, ২০২১

সোমালিয়া | আশ-শাবাবের হামলায় উচ্চপদস্থ কর্মকর্তাসহ নিহত ১৪ এরও বেশি গাদ্দার

2
0

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় পশ্চিমা সমর্থিত প্রশাসেনর বিভিন্ন কর্মকর্তা ও সেনা সদস্যদের উপর হামলা চালিয়েছেন ইসলামিক প্রতিরোধ যোদ্ধারা। যাতে ১২ জন নিহত এবং আরও ২ জন আহত হয়েছে।

শাহাদাহ নিউজের বিবরণ অনুযায়ী, আজ ২৬শে ডিসেম্বর রবিবার সোমালিয়ার রাজধানী মোগাদিশুর দিনালি জেলায় পশ্চিমা সমর্থিত গাদ্দার সোমালি সরকারি বাহিনীর একটি সামরিক ব্যারাকে অতর্কিত হামলার ঘটনা ঘটেছে। যাতে ১ অফিসারসহ ৬ গাদ্দার সেনা নিহত এবং আরও ২ সেনা আহত হয়েছে।

দেশটির সিংহভাগ অঞ্চলের উপর কর্তৃত্বকারী ইসলামিক প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব এই আক্রমণটি চালিয়েছেন বলে নিশ্চিত হওয়া গেছে। আশ-শাবাবের তথ্য অনুযায়ী, হামলায় গাদ্দার সৈন্যরা হতাহত হওয়া ছাড়াও মুজাহিদগণ দুটি মেশিনগান গনিমত পেয়েছেন।

এদিন রাজধানী মোগাদিশু ও কিসমায়ো শহরে আরও ২টি পৃথক হামলা চালান আশ-শাবাবের ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। এর মধ্যে কিসমায়ো শহরে একটি গাড়ি লক্ষ্য করে সফল বিস্ফোরণ ঘটান মুজাহিদগণ, যাতে গাড়িটি ধ্বংস হয়ে যায়। সূত্রমতে আশ-শাবাব যোদ্ধারা এই বিস্ফোরণের মাধ্যমে জুবাল্যান্ড প্রশাসনের ইন্টেলিজেন্স অ্যান্ড সিকিউরিটি সার্ভিসের উচ্চ পদস্থ এক কর্মকর্তাকে হত্যা করেন। অপরদিকে রাজধানীতে পরিচালিত হামলায় অপর এক গাদ্দার সৈন্যকে হত্যা করা হয়।

এমনিভাবে সোমালিয়ার জুবা রাজ্যে আরও একটি বীরত্বপূর্ণ অপারেশন সফলতার সাথে সম্পন্ন করেন মুজাহিদগণ। এই অভিযানের মাধ্যমে মুজাহিদগণ তাবতু শহরের মেয়র "মোহাম্মদ জাইস" এবং শহরের শুল্ক কর্মকর্তা "ওমর আবু বকর" এবং সেইসাথে তাদের দেহরক্ষীদের মধ্য থেকে একজনকে হত্যা করা হয়েছিল। অভিযান শেষে ফিরার পথে মুজাহিদগণ নিহত গাদ্দার সদস্যদের ৩টি অস্ত্রই গনিমত হিসাবে লাভ করেন।

আল-কায়েদার এই পূর্ব আফ্রিকান শাখাটি অতি দ্রুতই গোটা সোমালিয়া ও তৎসংলগ্ন এলাকাজুড়ে একটি সফল ইসলামি ইমারত প্রতিষ্ঠিত করবে বলে আশা প্রকাশ করছেন ইসলামি চিন্তাবিদগণ। আর এর ফলে আফ্রিকার মুল্যবান খনিজ সম্পদগুলো পশ্চিমা দেশে পাচার না হয়ে মুসলিম উম্মাহর কল্যাণেই কাজে লাগানো যাবে বলেও আশাআ প্রকাশ করেছেন তারা।

অবৈধ বসতি স্থাপনের রেকর্ড: ফিলিস্তিনের দখলকৃত ভূখণ্ডে নতুন ২৭,০৫০ ইহুদি

গ্রেটার ইসরাইল প্রতিষ্ঠার লক্ষে চলতি বছরে বিশ্বের বিভিন্ন দেশ থেকে ২৭ হাজার ৫০ জন জয়োনিস্ট ইহুদী ফিলিস্তিনের দখলকৃত ভূমিতে পদার্পন ও নতুন করে বসতি স্থাপন করেছে।

অবৈধ বসতি নির্মাণ ও ইহুদিবাদী এজেন্ডা বাস্তবায়নের লক্ষে গত বছরের তুলনায় চলতি বছরে দখলদার ইসরাইল ৩০% বেশি জয়োনিস্ট ইহুদিদেরকে ফিলিস্তিনের ভূমিতে এনে মুসলিমদের ভূমি দখল করেছে।

2
1

আল আক্বসার পবিত্র ভূমিতে ঘাঁটি গেড়ে বসা নব্য ঔপনিবেশিক ইহুদিদের অধিকাংশই উত্তর আমেরিকার বাসিন্দা। এবছর মার্কিন যুক্তরাষ্ট্র থেকে ৪ হাজার অবৈধ ইহুদি ফিলিস্তিনে এসে নতুন বসতি গড়েছে।

চলতি বছরে ফিলিস্তিনে অবৈধ বসতিস্থাপনকারীদের মধ্যে ফ্রান্স থেকে আগত ৩ হাজার ৫০০ ইহুদি রয়েছে, যা গত বছরের তুলনায় ৪০% বেশি।

রাশিয়া থেকে এবছর ৭ হাজার ৫০০ ইহুদি ফিলিস্তিনে বসতি গড়েছে, যা গত বছরের তুলনায় ১০% বেশি।

ইউক্রেন থেকে ৩ হাজার ও ইথিওপিয়া থেকে ১ হাজার ৬৩৬ ইথিওপিয়ান ইহুদি ফিলিস্তিনে এসে মুসলিমদের ভূমি দখল ও বাড়িঘর উচ্ছেদ করে বসতি স্থাপন করেছে।

তাছাড়াও, চলতি বছর আর্জেন্টিনা থেকে ৯০০, যুক্তরাজ্য থেকে ৬৫০, ব্রাজিল থেকে ৫৫০, দক্ষিণ আফ্রিকা থেকে ৫৫০ ও মেক্সিকো থেকে ২৯০ দখলদার ইহুদি স্থায়ী বসতি নির্মাণের লক্ষে দখলকৃত ফিলিস্তিনি ভূখণ্ডে আগমন করেছে।

উল্লেখ্য, ১৯৪৮ সালে মুসলিমদের জাতিগত উৎখাত করে ফিলিস্তিন থেকে দখল করে নেয়া তেলআবিবের গ্রামগুলোতে অধিকাংশ ইহুদিরা অবৈধ বসতি নির্মাণ করছিল।

বর্বর এই জায়নবাদী ইহুদিরা মূলত ফিলিস্তিনের পশ্চিম তীর ও গাজা থেকে সংখ্যাগরিষ্ঠ মুসলিমদের হত্যা কিংবা জোরপূর্বক উচ্ছেদ করে এসব বসতি নির্মাণ করে থাকে।

সন্ত্রাসী ইসরাইল বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে আগমনকারী ইহুদিদের ইসরাইলি নাগরিকত্ব ও আর্থিক প্রণোদনা দিয়ে ফিলিস্তিনের ভূমিতে অবৈধ ইহুদি বসতি নির্মাণে সহায়তা করে যাচ্ছে।

তবে আমাদের জন্য অজানা ও আশ্চর্যজনক একটি তথ্য হল এই যে, পূর্ব ভারতের মিজোরাম ও মনিপুর ও নাগাল্যান্ড থেকেও হাজার হাজার ইহুদি ইতিমধে নানান সময়ে ইসরায়েলে এসে বসতি স্থাপন করেছে। ইহুদি প্রতারক পণ্ডিতদের দাবি, তারা ছিল ইহুদিদের হারিয়ে যাওয়া বনি মনেসা গোত্রের, যারা এখন আবার তাদের মাতৃভূমিতে ফিরে এসেছে।

তথ্যসূত্র:

১। Israeli government: 27,050 new foreign colonizers settled in Palestine in 2021 –

https://tinyurl.com/sp52ceyv

২। Bnei Menashe Documentary - from India to Israel –

https://tinyurl.com/bdf65hc7

2
2

একশত হিন্দু ২০ লাখ মুসলিমকে হত্যা করতে প্রস্তুত হয় তাহলে আমরা সফল হবো সাধ্বী অন্নপূর্ণারা

ভারত থেকে মুসলিম নিধনের প্রকাশ্য ঘোষণা দিতে শুরু করেছে হিন্দুত্ববাদী উগ্র ধর্মগুরুরা। শুধু ঘোষণাতেই শেষ নয়, ১০০ জন হিন্দু যেন ২০ লাখ মুসলিমকে হত্যা করার টার্গেট নিয়ে অস্ত্র প্রশিক্ষণ নেয়, সেই নির্দেশও দেওয়া হচ্ছে প্রকাশ্যেই।

হিন্দুত্ববাদী উগ্র নেত্রী সাধ্বী অন্নপূর্ণা বলেছে, মুসলিমদের জনসংখ্যা কমাতে তাদের হত্যা করতে হবে। “অস্ত্র ছাড়া কিছুই সম্ভব নয়। আপনি যদি তাদের জনসংখ্যা নির্মূল করতে চান তবে তাদের হত্যা করুন। হত্যার জন্য প্রস্তুত থাকুন এবং জেলে যেতে প্রস্তুত থাকুন। এমনকি যদি আমাদের মধ্যে ১০০ জন তাদের (মুসলিম) ২০ লক্ষকে হত্যা করতে প্রস্তুত হয়, তবে আমরা বিজয়ী হব, তাহলে আমরা সফল হব’।

তার এই মুসলিম বিদ্বেষী উগ্র মন্তব্যের ব্যাপারে টাইমস নাউ এক ভিডিও সাক্ষাৎকারে তাকে জিজ্ঞাসা করে যে, ২০ লক্ষ মানুষকে হত্যার ডাক দেওয়া কি ধর্ম?' জবাবে ঐ সন্ত্রাসী সাধ্বী অন্নপূর্ণা বলেছে, "হ্যাঁ, এটা আমাদের কর্তব্য।" সে আরো বলেছে "আমরা হিন্দুত্ববাদকে প্রতিষ্ঠা করতে তাদের হত্যা করতেই থাকবো।

রাজনৈতিক দল হিন্দু মহাসভার সাধারণ সম্পাদক সাধ্বী অন্নপূর্ণা অস্ত্র দিয়ে মুসলিমদের উপর গণহত্যা চালানোর আহ্বানও জানিয়েছে।

তথ্যসূত্র:
----

১. অস্ত্র প্রশিক্ষণের ভিডিও

https://tinyurl.com/yckwejfc
২. https://tinyurl.com/2p92t56f

৩. Hindutva leaders call for killing Muslims at recent 'hate speech conclave' in India: reports https://tinyurl.com/femc3fny

পাকিস্তানে বাড়ছে তালিবানের হামলা, দুইদিনে হতাহত আরও ১৬ গাদ্দার সেনা

পাকিস্তান প্রশাসন কর্তৃক যুদ্ধবিরতি চুক্তি লঙ্ঘনের পর থেকে দেশটিতে হামলার পরিধি বৃদ্ধি করেছেন ইসলামি প্রতিরোধ বাহিনী টিটিপি। সেই ধারাবাহিকতায় গত ২ দিনে প্রতিরোধ যোদ্ধাদের হামলায় হতাহত হয়েছে ১৬ এরও বেশি গাদ্দার সেনা।

2
3

পাকিস্তান ভিত্তিক জনপ্রিয় ও সশস্ত্র ইসলামি প্রতিরোধ বাহিনী 'তেহরিক-ই-তালিবান পাকিস্তানের' (টিটিপি) মুখপাত্র কর্তৃক গত ২৩ ও ২৪ ডিসেম্বর প্রকাশিত টুইট বার্তা থেকে জানা গেছে, প্রতিরোধ যোদ্ধারা এই সময়ের মধ্যে পাকিস্তান গাদ্দার সামরিক বাহিনীগুলোকে টার্গেট করে ৪টি সফল হামলা চালিয়েছেন। উক্ত হামলাগুলোতে ১৬ এরও বেশি গাদ্দার সৈন্য নিহত ও আহত হয়েছে। হতাহতদের এই তালিকায় রয়েছে পাকিস্তান গাদ্দার প্রশাসনের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রীও, হামলার সময় ঐ গাদ্দার মন্ত্রীর গাড়িটিও ক্ষতিগ্রস্ত হয়।

বরকতময় এই হামলাগুলো চালানো হয়েছিল পাকিস্তানের আদম-খাইল, হাঙু ও খাইবার জেলায়। হামলায় আরও বেশ কিছু সেনা হতাহত হয়েছে, যাদের হিসাব রাখা সম্ভব হয়নি বলেও জানিয়েছেন টিটিপির মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্।

কক্সবাজারে স্বামীকে জিম্মি করে নারী পর্যটককে সংঘবদ্ধ ধর্ষণ: দায় কার?

মনে আছে গত বছরের সিলেট এমসি কলেজ ছাত্রাবাসের গণধর্ষণের কথা। স্বামীকে আটকে রেখে প্রাইভেটকারের মধ্যেই গৃহবধূকে একে একে ধর্ষণ করে আট নরপশু। তারা দম্পতির সাথে থাকা টাকা, স্বর্ণের চেইন ও কানের দুলও ছিনিয়ে নিয়ে যায়। আটকে রাখে তাদের প্রাইভেটকারও। নানা ইস্যুর চাপে আমরা ভুলে যাই। আর অপরাধীরা সরকার দলীয় অঙ্গসংগঠন ছাত্রলীগের হওয়ায় তেমন কোন বিচারও হয় না। যার কারণে অপরাধের পুনরাবৃত্তি হতে থাকে।

এবারের ঘটনা আরো মারাত্মক।

ধর্ষণের শিকার ওই নারী গণমাধ্যমকে জানান, বুধবার সকালে ঢাকার যাত্রাবাড়ী থেকে স্বামী-সন্তানসহ কক্সবাজারে বেড়াতে এসে শহরের হলিডে মোড়ের একটি হোটেলে ওঠেন। বিকেলে সৈকতের লাবণী পয়েন্টে ঘুরতে গিয়ে অপরিচিত এক যুবকের সঙ্গে তার স্বামীর ধাক্কা লাগলে কথা-কাটাকাটি হয়। সন্ধ্যায় পর্যটন গলফ মাঠের সামনে থেকে তার আট মাসের সন্তান ও স্বামীকে সিএনজি অটোরিকশায় করে তুলে নিয়ে যাওয়া হয়।

আরেকটি সিএনজিচালিত অটোরিকশায় তিন যুবক তাকে তুলে নিয়ে যান পর্যটন গলফ মাঠের পেছনে একটি ঝুপড়ি চায়ের দোকানের পেছনে। সেখানে তারা পালাক্রমে তাকে ধর্ষণ করে। এরপর তাকে নেওয়া হয় জিয়া গেস্ট ইন নামের একটি হোটেলে। সেখানে ইয়াবা সেবনের পর আরেক দফা তাকে ধর্ষণ করে ওই তিন যুবক। ঘটনা কাউকে জানালে সন্তান ও স্বামীকে হত্যা করা হবে জানিয়ে রুম বাইরে থেকে বন্ধ করে ঘটনাস্থল ত্যাগ করে।

ওই নারী আরও জানান, জিয়া গেস্ট ইনের তৃতীয় তলার জানালা দিয়ে এক যুবকের সহায়তায় কক্ষের দরজা খোলেন তিনি। এদিকে, স্বামী-সন্তানকে জিম্মি করে গৃহবধূকে ধর্ষণের ঘটনায় জাতীয় সেবা ৯৯৯ ফোন করে সহযোগিতা চাইলেও ওই নারীকে উদ্ধারে এগিয়ে আসেনি পুলিশ। কথিত জনগণের বন্ধু পুলিশ তাকে সাহায্য কিংবা উদ্ধার করার পরিবর্তে থানায় সাধারণ ডায়েরি (জিডি) করার পরামর্শ দেয়।

2
4

ভুক্তভোগীর স্বামী বলেন, ‘বারবার হাতে-পায়ে ধরলেও তারা আমার স্ত্রীকে ফেরত দেয়নি। বেড়াতে এসেছিলাম বেতন পেয়েছি সেই খুশিতে। এখন স্ত্রীর অবস্থা ভালো নয়।’ এঘটনার সাথেও সরকার দলীয় ক্যাডাররা জড়িত থাকায় মিডিয়া তাদের পরিচয় প্রকাশ করতে নানা তালবাহানা করতে থাকে। সামাজিক মাধ্যমে তাদের পরিচয় প্রকাশ হয়ে তীব্র সমালোচনা হওয়ায় মিডিয়া তাদের পরিচয় প্রকাশ করে। যে, ধর্ষণের ঘটনায় অভিযুক্ত তিনজনই কক্সবাজার জেলা ছাত্রলীগ সভাপতি এসএম সাদ্দাম হোসেনের অনুসারী। ঘটনার পর থেকে সাদ্দামের সঙ্গে আশিক, জয়া ও অন্যদের বিভিন্ন সময় তোলা নানা ধরনের ছবি ফেসবুকে ছড়িয়ে পড়েছে।

স্থানীয় ব্যবসায়ীরা জানান, জেলা ছাত্রলীগ সভাপতির অনুসারী পরিচয় দিয়ে আশিক, বাবু জয়া, রেশাদ, হাসান, আমিনসহ আরও অনেকে হোটেল-মোটেল জোন এলাকায় মাদক, ছিনতাই, দখলসহ নানা অপকর্ম চালিয়ে যাচ্ছে। ভয়ে কেউ তাদের বিরুদ্ধে কথা বলতে চান না। বুধবারও নারীকে নিয়ে এমন ঘটনা ঘটিয়েছে আশিকসহ অন্যন্যরা।

মানবরচিত গণতন্ত্রের বিচারহীন ব্যবস্থায় এই ক্ষমতাসীন সন্ত্রাসীরা জানে যে, ধরা পড়ে গেলেও দের কোন সমস্যা হবে না। সঠিক ইসলামী বিচার ব্যবস্থা থাকলে এমন কাজ করার করার দুঃসাহস কেউ করতো না বলে মনে করেন ইসলামি চিন্তাবীদগণ। এই মানবরচিত সিস্টেমের পরিবর্তন ছাড়া তাই ন্যায়বিচার ও জননিরাপত্তা নিশ্চিত করা সম্ভব নয় বলেই মনে করেন তারা।

তথ্যসূত্র:

১.নারী পর্যটককে সংঘবদ্ধ ধর্ষণ: ৭ জনকে আসামি করে মামলা https://tinyurl.com/3jypvvd3

মুসলিম যুবককে গুলি করে খুন: ৪০ ঘণ্টা পরেও লাশ ফেরত দেয়নি সন্ত্রাসী বিএসএফ

এবার চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ সীমান্তে মুসলিম যুবককে গুলি করে খুন করার ৪০ ঘণ্টা পরও মরদেহ ফেরত দেয়নি ভারতীয় হিন্দুত্ববাদী বাহিনী বিএসএফ। নিহত যুবকের নাম মো. ইব্রাহিম হোসেন। তিনি উপজেলার শাহবাজপুরের ঢুলিপাড়া গ্রামের আবু তাহের দুঃখ আলীর ছেলে। মঙ্গলবার (২১ ডিসেম্বর) দিনগত রাত ২টার দিকে বিএসএফের গুলিতে নিহত হন ইব্রাহিম।

হিন্দুত্ববাদী বাহিনী বিএসএফ গুলি করে হত্যা বন্ধের বারবার মৌখিক প্রতিশ্রুতি দিলেও সীমান্তে লাশের মিছিল থামছে না। একের পর এক খালি হচ্ছে দুঃখিনী মায়ের বুক।

নিহত ইব্রাহীম হোসেনের চাচাতো ভাই শরিফুল ইসলাম বলেন, ‘নিহত হওয়ার একদিন পার হয়ে গেলেও মরদেহ ফেরত দিচ্ছে না বিএসএফ। বিজিবির সঙ্গে বারবার যোগাযোগ করেও কিছুই লাভ হচ্ছে না। গতকাল শুনলাম পতাকা বৈঠক করে মরদেহ ফেরত দেবে কিন্তু আজ তাও হয়নি।’ তিনি আরও বলেন, ইব্রাহিম পরিবারের কাউকে না জানিয়েই বাড়ি থেকে বের হয়েছিলেন। রাত দুইটার দিকে তাকে গুলি করার বিষয়টি জানতে পাই।

2
5

শাহবাজপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের মেম্বার মুনিরুল ইসলাম বলেন, ‘বুধবার রাত ২টার দিকে আজমতপুর সীমান্ত ফাঁড়ি এলাকায় বিএসএফ সদস্যদের গুলিতে আহত হন ইব্রাহিম। পরে তারা চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে গেলে সেখানেই তার মৃত্যু হয়। তখন থেকেই স্বজনরা বিজিবির সঙ্গে যোগাযোগ রাখছেন। আমার জানামতে এখনও মরদেহ ফেরত পাননি তারা।’

চাঁপাইনবাবগঞ্জ ৫৯ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল আমির হোসেন মোল্লা বলেন, আজমতপুর সীমান্ত পিলার ১৮২/১-এস ও ১৮২/২-এস এলাকায় মঙ্গলবার দিনগত রাত ২টার দিকে এ ঘটনা ঘটে। বিএসএফের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। তারা গুলিতে নিহতের বিষয়টি স্বীকার করেছেন।

উল্লেখ্য, ভারত বরাবর বাংলাদেশকে নানা আশ্বাস দিয়ে যাচ্ছে। যার কোনটাই এখনো বাস্তবায়ন করেনি। তবুও বাংলাদেশের ভারতপ্রেমী ক্ষমতাসীন হোমড়াচোমড়ারা সেই হিন্দুত্ববাদীদেরই বন্ধুরুপে তুলে ধরতে চায়।

একদিকে ভারত সীমান্তে মুসলিমদের পাখির মতো গুলি করে মারছে, বাংলাদেশের বিষয় দিবসকে তারা নিজেদের বিজয় দিবশ বলে আখ্যায়িত করছে, আবার অপর দিকে সেই ভারতের হিন্দুত্ববাদী রাষ্ট্রপতিকেই বিজয় দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি করা হচ্ছে।

তথ্যসূত্র:

১। ৪০ ঘণ্টা পরও গুলিবিদ্ধ যুবকের মরদেহ ফেরত দেয়নি বিএসএফ

https://tinyurl.com/3y5pxvw4

২৫শে ডিসেম্বর, ২০২১

করোনা টিকার পার্শ্বপ্রতিক্রিয়ায় বেড়েছে মৃত্যুর হার: বিক্ষোভ দেশে দেশে

সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) নতুন করে ওমিক্রন নামক নতুন করোনা ভ্যারিয়েন্টের অযুহাতে বিভিন্ন দেশে বিধিনিষেধ চাপিয়ে দিতে চাইছে। ফলে বহু শাসকগোষ্ঠী নিজ দেশে আবারো আরোপ করছে নানান বিধিনিষেধ, বাধ্যতামূলক করেছে টিকা গ্রহণ।

শুরু থেকেই পশ্চিমা দেশগুলোর মানুষের মাঝে ছিল টিকার প্রবল বিরোধিতা, যা এখন আরও বেড়েছে। টিকা বাধ্যতামূলক করার প্রেক্ষিতে বিক্ষোভ করেছে অস্ট্রেলিয়া, আমেরিকা সহ ইউরোপীয় অনেক দেশের জনগণ। আন্দোলনকারীদের সাথে দফায়-দফায় সংঘর্ষও হয় পুলিশের।

অন্যদিকে, বিশ্ব স্বাস্থ্য সংস্থার পক্ষ থেকে একেক সময় একেক ভ্যারিয়েন্টের অযুহাতে বিধিনিষেধ আরপে অতিষ্ঠ বিশ্ববাসী। এখন

2
6

অনেকেই আর তাদের কল্পিত দাবিগুলোতে বিশ্বাস রাখতে পারছেন না। ফলে এখন বিধিনিষেধ, টিকা ও মাস্ক এর কোনটাই গ্রহন করতে রাজি নয় মানুষ।

এছাড়াও টিকার গ্রহণকারী অসংখ্য মানুষ বিরল রক্ত জমাট বেধে নিহত হবার ঘটনাও ঘটেছে অসংখ্য, অনেক দেশেই পত্রিকার পাতার শিরোনাম হয়েছে এটি।

নরওয়েতে করোনাভাইরাসের টিকা নেওয়ার পর অন্তত ২৩ জনের মৃত্যু হয়েছে। দেশটির কর্তৃপক্ষকে উদ্ধৃত করে ব্লুমবার্গের এক প্রতিবেদনে এ তথ্য প্রকাশ করা হয়েছে। মৃতদের মধ্যে ১৩ জনই হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। টিকা নেওয়ার পরপরই তাদের শরীরে টিকার পার্শ্বপ্রতিক্রিয়া প্রকাশ পেয়েছে।

ডেইলি মেইল এক প্রতিবেদনে জানিয়েছে, অ্যাস্ট্রাজেনেকা টিকা গ্রহনের পর পরই শরীরে মারাত্মক রক্ত জমাট বাধার প্রমাণ মিলেছে। একদল আমেরিকা ও কার্ডিফ ভিত্তিক গবেষক দল এ তথ্য জানিয়েছেন। এ পর্যন্ত অন্তত ৪২৫ জনের শরীরে রক্ত জমাট বাধার ঘটনা ঘটেছে এবং ৭৩ নিহত হয়েছেন।

এছাড়াও টিকা নেয়ার পরে পুনরায় অনেকেই করোনায় আক্রান্ত হয়েছেন। ফলে প্রশ্ন উঠেছে, টিকা কী করোনার জন্যে নাকি অন্য কোন উদ্দেশ্যে প্রয়োগ করা হচ্ছে?

পশ্চিমা বিশ্বের অনেক গুরুত্বপূর্ণ সংস্থা ও বাহিনীর সদস্যরাও টিকা নিতে আগ্রহী নয়। অনেকের চাকরি হারানোর হুমকির মুখেও টিকা নিতে আগ্রহী নয়।

করোনাভাইরাসের টিকা না নেওয়ায় ১০৩ জন মেরিন সেনাকে দায়িত্ব থেকে অব্যবহিত দিয়েছে যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্রের মেরিন কর্পস এই তথ্য জানিয়েছে।

স্থানীয় গণমাধ্যম এবিসি নিউজের খবরে বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের ৩০ হাজার মেরিন সেনা এখনো করোনার টিকা নিতে অস্বীকৃতি জানাচ্ছে। এ কারণে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে শুরু করেছে। এর অংশ হিসেবে ১০৩ জনকে অব্যাহতিও প্রদান করা হয়েছে।

এবিসির খবর অনুসারে, গত আগস্টে প্রতিরক্ষা মন্ত্রী লয়েড অস্টিন যুক্তরাষ্ট্রের সকল সামরিক সদস্যকে বাধ্যতামূলকভাবে টিকা গ্রহণের আদেশ দেন। টিকা না নেওয়া হলে দায়িত্ব থেকে অব্যাহতির মতো কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও সেনাবাহিনীর পক্ষ থেকে সতর্ক করা হয়।

কিন্তু তারপরও সেনাবাহিনীর অন্তত ৩০ হাজার সদস্য টিকা নেবে না বলে সাফ জানিয়ে দিয়েছে।

এর আগে চলতি সপ্তাহের শুরুতে দেশটির বিমান বাহিনীতেও করোনার টিকা না নেওয়ায় ২৭ জন বিমান সৈনিককে অব্যাহতি প্রদান করে।

এগুলো মিডিয়ায় উঠে আসা অল্প কিছু চিত্র, যার বাস্তবতা আরও বেশি করুণ হবার সম্ভাবনাই বেশি। কারণ মিডিয়া আন্তর্জাতিক মোড়লদের ইশারা ছাড়া একটি শব্দও ব্যবহার করে না, টিকার ব্যবসা বন্ধ করে মোড়লদের খেপাতে চাইবে না কেউ।

2
7

উল্টো দালাল মিডিয়া করোনার খবর এমনভাবে প্রচার করেছে যে, সুস্থ মানুষও নিজেকে করোনা রোগী মনে করেছিল। বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং একটি বিশেষ গোষ্ঠী করোনা ভাইরাসের অতি প্রচারণার পেছনে একটি অশুভ উদ্দেশ্য ছিলো কিনা- এটিই এখন প্রশ্ন? তারা ১ ঘণ্টার সংবাদে প্রায় ৪০ মিনিটই প্রচার করতো করোনার খবর।

দালাল মিডিয়া প্রচার করেছিলো- মানুষ যদি জমায়েত হয়, তবে মানবজাতি বিলুপ্ত হবে, লাশের স্তুপ পড়বে। এই তত্ত্ব দিয়ে তারা বিশ্বঅর্থনীতি, শিক্ষাখাতসহ গোটা বিশ্বে অরাজকতা সৃষ্টি করেছিল। এই অজুহাত দিয়েই তারা মসজিদ বন্ধ করেছিল; শিক্ষাপ্রতিষ্ঠানে এখনও তাদ্রে চাপান নিওমের কারণে সপ্তাহে একদিন ক্লাস হয়। এই অজুহাত দিয়ে মুসলিম উম্মাহকে ঈদ করতে দেয়া হয়নি, হজ্জ করতে দেয়া হয়নি; কিন্তু এখন দেখা যাচ্ছে, মানুষ জমায়েত হওয়ার পরও, শীত আসার পর পুনরায় গরম এসেছে তবুও - না লাশের স্তুপ পড়ছে, আর না মানবজাতি বিলুপ্ত হচ্ছে।

এ থেকে কিন্তু ইতিমধ্যে প্রমাণিত হয়েছে, করোনা ভাইরাস নিয়ে অতি ভীতি ছড়ানো স্বাভাবিক কোন বিষয় ছিলো না, এর পিছনে হয়তো ছিলো বিশেষ উদ্দেশ্য-লক্ষ্য। আর টিকা প্রয়োগের লক্ষ্য উদ্দেশ্য যে নিছক স্বাস্থ্য সচেতনতা ছিল না - এটি এখন দিবালোকের মতো পরিষ্কার।

উল্লেখ যে, টিকা নিয়ে সচেতন মহল বিরোধিতা করে আসছে শুরু থেকেই। করোনার অযুহাতে মানব শরীরে টিকা প্রবেশের আশংকা অনেক আগে থেকেই টের পেয়েছিলেন বিশেষজ্ঞরা। তখন থেকেই তারা মানুষকে সচেতন করে বিভিন্ন প্রচারণা চালিয়ে গেছেন। এর জন্য অবশ্য কম ভোগান্তি পোহাতে হয়নি তাদের। কোন কোন বিশেষজ্ঞের বিরুদ্ধে করা হয়েছে মামলা। অনেকে হুমকির প্রেক্ষিতে সচেতনতামূলক ভিডিও ইউটিউব-ফেইসবুক থেকে সরাতে বাধ্য হয়েছেন।

উল্লেখ যে, পৃথিবীর বিভিন্ন দেশে টিকা বাধ্যতামূলকের বিরুদ্ধে আন্দোলন করলেও, বাংলাদেশের সাধারণ মানুষ এখনও টিকার পার্শ্বপ্রতিক্রিয়ার বিষয়ে যথেষ্ট অবগত নয়। তাছাড়া অচিরেই স্কুল-কলেজে ছাত্র-ছাত্রীদের মাঝে টিকা কার্যক্রম চালানোর দিকে যাচ্ছে দালাল সরকার৷ টিকা আগ্রাসন থেকে যদি আমাদের কোমলমতি শিশুদের রক্ষা করতে হয়, তাহলে এখনই হতে হবে আত্মসচেতন, গড়ে তুলতে হবে সামাজিক সচেতনতা।

- তাছাড়া টিকা বা ভ্যাক্সিনে শুকরের চর্বি থাকার বিষয়টিও এখন প্রমাণিত, অথচ প্রথিবির প্রায় সকল প্রধান ধর্মে এটিকে মানুষের জন্য ক্ষতিকর ও নিষিদ্ধ সাব্যস্ত করা হয়েছে। বিস্তারিত নীচের লিংক থেকে পাঠক এই বিষয়ে পড়ুন-
https://alfirdaws.org/2020/12/26/45385/

তথ্যসূত্র:
======

১. ‘Vaccines don’t make you free’: Thousands protest COVID-19 measures in Brussels-https://tinyurl.com/2p8mn8wv
২. নরওয়েতে ফাইজারের টিকা নেওয়ার পর ২৩ জনের মৃত্যু-

https://tinyurl.com/vpbscj8

2
8

৩. টিকা না নিলে সেনাদের বহিষ্কারের ঘোষণা মার্কিন নৌ বাহিনীর

https://tinyurl.com/yc4zr5uu

৪. মার্কিন সামরিক বাহিনীর এক-তৃতীয়াংশের টিকা নিতে অস্বীকৃতি

https://tinyurl.com/2p8d6y4x

৫. টিকা না নেওয়ায় ১০৩ মেরিন সেনাকে অব্যাহতি-

https://tinyurl.com/dafuc76f

৬. যুক্তরাজ্যে করোনা টিকা ও বিধি-নিষেধের বিরুদ্ধে বিক্ষোভ-https://tinyurl.com/yc3rayny

৭. Healthy mother-of-three, 43, died from blood clots in 'rare complication' after she had AstraZeneca Covid-19 vaccine, coroner finds-https://tinyurl.com/2p8wsjau

২৪শে ডিসেম্বর, ২০২১

ইসলাম ও মুসলিমের শত্রুদের উপর আশ-শাবাবের ১৪ টি বীরত্বপূর্ণ হামলা

সোমালিয়ায় আগ্রাসী ক্রুসেডের বাহিনীর নিরাপত্তায় নিয়োজিত গাদ্দার সেনাদের উপর প্রতিনিয়ত সফল হামলা চালাচ্ছেন ইসলামিক প্রতিরোধ যোদ্ধারা। তারই ধারাবাহিতায় গত ২দিনে গাদ্দার বাহিনীর উপর ১৪টি হামলা চালিয়েছেন প্রতিরোধ যোদ্ধারা।

শাহাদাহ্ নিউজের বিবরণী অনুযায়ী, আল-কায়েদা পূর্ব আফ্রিকা শাখা হারাকাতুশ-শাবাবের ইসলামি প্রতিরোধ যোদ্ধারা গত ২৩ ডিসেম্বর বৃহস্পতিবার সোমালিয়ার রাজধানী মোগাদিশুর 'বারিরী' শহরে দেশটির গাদ্দার সামরিক বাহিনীকে লক্ষ্য করে কয়েক ঘন্টার ব্যবধানে ২টি সফল হামলা চালিয়েছেন। যাতে ৪ গাদ্দার সৈন্য নিহত এবং আরও ৪ সৈন্য আহত হয়।

এমনিভাবে রাজধানীর হুলুদাক জেলায় আরও একটি পৃথক হামলা চালান হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে আরও ১ সেনা নিহত ও অন্য ১ সেনা গুরুতর আহত হয়।

এদিন বে এবং হাইরান রাজ্যে দেশটির এক সামরিক অফিসার ও বোরাহকবা শহরের প্রধান বিচারপতি’র উপর হামলা চালান প্রতিরোধ যোদ্ধারা। যাতে তারা উভয়েই নিহত হয়। হামলার কারণ হিসাবে জানা যায়, এই বিচারক পশ্চিমাদের খুশী করতে অন্যায়ভাবে অনেক নিরপরাধ মানুষকে শাস্তি ও মৃত্যুদণ্ড দিয়েছিল।

2
9

অপরদিকে দক্ষিণ সোমালিয়ার শাবেলী রাজ্যের আউদাকলী শহরে গাদ্দার বাহিনীর একটি সামরিক ব্যারাক লক্ষ্য করে সফল হামলা চালান হারাকাতুশ শাবাব মুজাহিদিন। যাতে ৫ গাদ্দার সেনা হতাহত হয়।

সার্বিক পরিস্থিতি বিবেচনায় সোমালিয়ায় আরও একটি সফল ইসলামি ইমারতের প্রতিষ্ঠা খুব নিকটেই বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

চলছে পাক-তালিবানের লাগাতার হামলা: গাদ্দার বাহিনীর ১১২ এর অধিক হতাহত

পাকিস্তান ভিত্তিক ইসলামিক প্রতিরোধ বাহিনী টিটিপি'র সশস্ত্র বীর যোদ্ধারা সম্প্রতি দেশটিতে সামরিক বাহিনীর উপর হামলার মাত্রা বৃদ্ধি করেছেন। বিশেষ করে গাদ্দার সেনাবাহিনী কর্তৃক যুদ্ধবিরতি ও চুক্তি লঙ্ঘনের পর থেকে এই হামলার তীব্রতা পূর্বের যেকোন মাসের চাইতে কয়েকগুণ বেড়েছে।

বিবরণ অনুযায়ী, দেশটির জনপ্রিয় সশস্ত্র ইসলামিক প্রতিরোধ বাহিনী তেহরিক-ই-তালিবান পাকিনস্তানের সাথে এক মাসের যুদ্ধবিরতি চেয়ে কিছু শর্তে একটি চুক্তি করেছিল পাকিস্তান প্রশাসন। কিন্তু যুদ্ধবিরতির সময় অতিবাহিত হওয়ার পরও সেসব শর্ত কিংবা যুদ্ধবিরতি - কোনটিই মানেনি দেশটির গাদ্দার সামরিক বাহিনী। ফলে এক মাসের যুদ্ধবিরতি শেষেই নতুন করে সামরিক বাহিনীর উপর হামলার ঘোষণা দেন প্রতিরোধ বাহিনী টিটিপির মুখপাত্র মুহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ ও টিটিপি'র আমীর মুফতী নূর ওয়ালী মেহসূদ হাফিজাহুমুল্লাহ।

এই ঘোষণার পর, চলতি মাসের ১০ তারিখ থেকে ২০ ডিসেম্বর পর্যন্ত টিটিপির যোদ্ধারা গাদ্দার সামরিক বাহিনীর উপর কয়েক ডজন হামলা পরিচালনা করেন। যাতে প্রায় ১০১ এরও বেশি সৈন্য নিহত ও আহত হয়।

